

জেএসসিতে বৃত্তি পেল ৩১ হাজার শিক্ষার্থী

■ ইতিহাসিক রিপোর্ট

২০১৩ সালের অষ্টম শ্রেণির জুনিয়র ফুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষার ওপর ভিত্তি করে ৩০ হাজার ৮০০ শিক্ষার্থীকে বৃত্তি দেয়া হয়েছে। এর মধ্যে নয় হাজার ৮০০ শিক্ষার্থী মেধাবৃত্তি ও ২১ হাজার শিক্ষার্থী সাধারণ বৃত্তি পেয়েছে।

গতকাল বৃহস্পতিবার মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, (বাউশি) থেকে বৃত্তি ঘোষণা করে একটি আদেশ জারি করা হয়েছে।

এটি বোর্ডের মধ্যে যথোপযুক্ত মেধাবৃত্তি পেয়েছে এক হাজার ১০৯ জন, বরিশালে ৬০০ জন, ঢাকায় তিন হাজার ৮৬, দিনাজপুরে এক হাজার ৮৬, রাজশাহীতে এক হাজার ২২০, কুমিল্লায় এক হাজার ২৬০, চট্টগ্রামে ৭৮১ ও সিলেটে ৬৫১ জন পরীক্ষার্থী।

সাধারণ বৃত্তি পেয়েছে যথোপযুক্ত দুই হাজার ৩৭৭ জন, বরিশালে এক হাজার ২৯২ জন, ঢাকায় ছয় হাজার ৬১২, দিনাজপুরে দুই হাজার ৩২৪, রাজশাহীতে দুই হাজার ৬২০, কুমিল্লায় দুই হাজার ৭০৬, চট্টগ্রামে এক হাজার ৩৯৫ ও সিলেটে এক হাজার ৩৯৫ জন।

গত ২৯ ডিসেম্বর জেএসসি ও জেডিসি পরীক্ষার ফল রবিবার প্রকাশ করা হয়। জেএসসিতে পাসের হার ছিল ৮৯ শতাংশ ৭১ ও জেডিসিতে ৯১ শতাংশ ১১। জেএসসিতে ১০ লাখ ছয় হাজার ৯৭৫ পরীক্ষার্থী পাস করে।

জেএসসি (জুনিয়র ফুল সার্টিফিকেট) ও জেডিসি (জুনিয়র দাখিল সার্টিফিকেট) পরীক্ষার ফলাফলের ওপর ভিত্তি করে বৃত্তি প্রদানের নীতিমালা রয়েছে।

জেএসসিতে মেধা কোটায় নয় হাজার ৮০০ ও সাধারণ কোটায় ২১ হাজার ও জেডিসিতে মেধা কোটায় দুই হাজার এবং সাধারণ কোটায় চার হাজার বৃত্তি দেয়া হবে বলেও উল্লেখ করা হয় নীতিমালায়। জেডিসির বৃত্তি মাদ্রাসা শিক্ষা বোর্ড ঘোষণা করে থাকে।

মেধা বৃত্তির ক্ষেত্রে প্রতিবাসে ৩০০ টাকা, বার্ষিক এককালীন ৩৭৫ টাকা এবং সাধারণ বৃত্তির ক্ষেত্রে মাসিক ২০০ টাকা, এককালীন ২২৫ টাকা দেয়া হবে। এ বৃত্তির টাকা শিক্ষার্থীরা কেবলমাত্র নবম এবং দশম শ্রেণিতে অধ্যয়নের সময় পাবে।